

শিক্ষা ক্ষেত্রের কেন অবনতি হলো তা খতিয়ে দেখতে হবে

—জ্বালানি মন্ত্রী

কাগজ প্রতিবেদক : বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ডঃ মোশাররফ হোসেন বলেছেন, "স্বাধীনতার পর শিক্ষা ক্ষেত্রে কেন এত অবনতি হলো তা খতিয়ে দেখতে হবে। আমাদের সময় কোটিং সেক্টরের প্রয়োজন ছিলো না। একজন ছাত্র কেন কোটিং সেক্টরে যাচ্ছে। কোটিং সেক্টরের কেন এত প্রয়োজন তা তুলিয়ে দেখতে হবে।" তিনি বলেন, পরীক্ষা পদ্ধতিতে গলদ থাকায় ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষা দিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হচ্ছে। গতকাল বিকেলে আইসিএমএ মিলনায়তনে পজিটন কোটিং সেক্টরের পুরস্কার বিতরণী ও পুনর্মিলনী অনুষ্ঠানে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ডঃ মোশাররফ হোসেন একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ডঃ গোলাম-রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক ইত্তেফাকের সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিস্টার

মঈনুল হোসেন ও বদরুন্নেছা মহিলা কলেজের অধ্যক্ষ হাজেরা নজরুল।

ব্যারিস্টার মঈনুল হোসেন বলেন, বাংলাদেশ স্বাধীন হওয়ার পর জাতি হিসেবে যে মর্যাদা আশা করেছিলাম তা পাইনি। এটা অত্যন্ত দুঃখজনক। তিনি বলেন, স্কুল-কলেজগুলোতে ভেমন লেখাপড়া হয় না। অভিভাবকরা ছেলে-মেয়েদের নিয়ে দুঃশ্চিন্তায় থাকেন। আমাদের দেশে মা-বাবারা ভিক্ষে করে হলেও সন্তানদের লেখাপড়া শেখাতে চান।

তিনি বলেন, জবাবদিহিতার সরকার না থাকায় আজকে শিক্ষা ব্যবস্থার এ অবস্থা। তিনি আরো বলেন, কোটিং সেক্টরের জন্যে নীতিমালা প্রণয়ন করতে হবে। অধিতে-গলিত গড়ে ওঠা কোটিং সেক্টরগুলো সম্পর্কে সজাগ থাকতে হবে। অনুষ্ঠানে কৃতি ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রধান অতিথি পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানের শেষে ঋষি শিল্পী গৌষ্ঠি গণসঙ্গীত পরিবেশন করে।